

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।


স্মারক নং- ৩২.০১.০০০০.০০৩.২১.০৫৩.২১ - ০৪

তারিখ: ০৫/০৭/২০২৩ খ্রি:

বিষয়: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের নারী উদ্যোক্তাগণ স্যানেটারি টাওয়েল প্রস্তুত করে ক্লাব পর্যায়ে কেন সরবরাহ করেননি তার জবাব প্রেরণের জন্য।

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় স্যানেটারি টাওয়েল উৎপাদন বিষয়ে প্রত্যেক উপজেলা হতে ০২ (দুই) জন করে সর্বমোট ৯৮৪ নারী উদ্যোক্তাকে ০৩ দিন ব্যাপী স্যানেটারি টাওয়েল উৎপাদন বিষয়ে মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং প্রশিক্ষণ শেষে প্রত্যেক নারী উদ্যোক্তাদের ব্যবসা শুরু করার জন্য প্রাথমিক ৫০০০/- টাকা হারে মূলধন প্রদান করা হয়। কিন্তু নারী উদ্যোক্তাগণ স্যানেটারি টাওয়েল প্রস্তুত করে ক্লাব পর্যায়ে সরবরাহ করেননি।

এমতাবস্থায়, নারী উদ্যোক্তাগণ স্যানেটারি টাওয়েল প্রস্তুত করে ক্লাব পর্যায়ে কেন সরবরাহ করেননি তার জবাব আগামী ১০ কর্ম দিবসের মধ্যে অর্থাৎ ১৯/০৭/২০২৩ খ্রি: তারিখের মধ্যে kkcpadmn@gmail.com এ প্রেরণের জন্য অনুরোধ করা হল।


তারিখ: ০৫/০৭/২০২৩

মো: তরিকুল আলম
অতিরিক্ত সচিব

প্রকল্প পরিচালক (অ:দা:)

কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

উপ-পরিচালক (সকল জেলা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা)

মহিলা বিষয়ক অধিদপ্তর

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল উপজেলা)।

২। প্রোগ্রাম অফিসার (ওয়েবসাইটে প্রকাশের জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

৪। অফিস কপি।